

শেকৃবির নতুন ট্রেজারার অধ্যাপক ড. মো. নজরুল ইসলাম

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার হিসেবে নিয়োগ পেয়েছেন শিক্ষক সমিতির সভাপতি ও সিন্ডিকেট সদস্য অধ্যাপক ড. মো. নজরুল ইসলাম। তিনি এ বিশ্ববিদ্যালয়ের উদ্যানতত্ত্ব বিভাগের অধ্যাপক। আজ বুধবার শিক্ষা মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব নীলিমা আফরোজ স্বাক্ষরিত এক প্রজ্ঞাপনে বলা হয়, মহামান্য রাষ্ট্রপতি ও শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর মো. আবদুল হামিদ বিশ্ববিদ্যালয় আইন, ২০০১ এর ১৩ (১) ধারা মোতাবেক আগামী চার বছরের জন্য অধ্যাপক ড. মো. নজরুল ইসলামকে ১৮ নভেম্বর ২০২০ তারিখ হতে পরবর্তী ৪ বছরের জন্য নিয়োগ দিয়েছেন। যোগদানের দিন থেকে তাঁর এ নিয়োগ কার্যকর হবে। প্রজ্ঞাপনে আরও বলা হয়, নিয়মিত চাকরির বয়সপূর্তিতে মূল পদে প্রত্যাবর্তন করে অবসর গ্রহণের আনুষ্ঠানিকতা শেষে উক্ত মেয়াদের অবশিষ্ট অংশ পূর্ণ করবেন। ট্রেজারার পদে তিনি তার বর্তমান পদের সমপরিমাণ বেতন-ভাতা পাবেন এবং বিধি অনুযায়ী পদসংশ্লিষ্ট অন্যান্য সুবিধা ভোগ করবেন। মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর প্রয়োজন মনে করলে যে কোনও সময় এ নিয়োগ বাতিল করতে পারবেন।

অধ্যাপক ড. মো. নজরুল ইসলাম রংপুর জেলার কাউনিয়া উপজেলার এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্ম গ্রহণ করেন। তাঁর পিতার নাম মরহুম ইয়াকুব আলী সরকার, মাতা মরহুম রাবেয়া খাতুন। তিনি ছাত্র জীবন থেকে রাজনীতির সাথে জড়িত ছিলেন। তিনি জাতির জনক বঙ্গবন্ধু একজন আদর্শ সৈনিক। ১৯৭১ সালে যুদ্ধকালীন সময়ে ড. মো. নজরুল ইসলামের পৈত্রিক বাড়ী পাকিস্তানী হানাদার বাহিনী ২ বার আগুনে পুড়িয়েছে। তাঁর বড় চাচা সুলতান উদ্দিন সে সময় রংপুর জেলার কাউনিয়া থানা আওয়ামী লীগের সভাপতি ছিলেন। তিনি স্কুল জীবন থেকে শ্রেণীতে প্রথম ছিলেন এবং শিক্ষা জীবনের সকল স্তরে প্রথম বিভাগ/শ্রেণী প্রাপ্ত হন। প্রতিটি স্তরে তিনি অনন্য মেধা ও প্রতিভার স্বাক্ষর রাখেন। তিনি বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রী লাভ করেন। নরওয়েজিয়ান ইউনিভার্সিটি অব লাইফ সাইন্স, নরওয়ে থেকে স্নাতকোত্তর, পিএইচ.ডি এবং পোস্ট ডক্টরেট অর্জন করেন।

অধ্যাপক ড. মোঃ নজরুল ইসলাম একজন কৃষি বিজ্ঞানী এবং গবেষক হিসাবে দেশে-বিদেশে পরিচিত। তাঁর ৬০ টিও অধিক গবেষণা মূলক প্রবন্ধ দেশী ও বিদেশী জার্নালে প্রকাশ হয়। ড. মো. নজরুল ইসলামে তত্ত্ব/বধানে শতাধিক ছাত্র-ছাত্রী এম.এস ও ৮ জন পিএইচডি ডিগ্রী অর্জন করে স্ব স্ব কর্মক্ষেত্রে মেধার স্বাক্ষর রেখে চলেছেন। তিনি বাংলাদেশ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশনের কার্যকরী সদস্য হিসেবে দায়িত্ব পালন করছেন। শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সাধারণ সম্পাদকসহ বিভিন্ন পদে দায়িত্ব পালন করেন। শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে নীল দলেরও সভাপতি ছিলেন। তিনি বিভিন্ন সময়ে বিশ্ববিদ্যালয়ে সিন্ডিকেটের সদস্য, পোস্ট গ্র্যাজুয়েট ডীন, ইনস্টিটিউট অফ সীড টেকনোলজি পরিচালক, শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় রিসার্চ সিস্টেম (সোর্সেস) এর পরিচালক, বহিরাঙ্গন কার্যক্রমের পরিচালক, পরীক্ষা নিয়ন্ত্রক, বিভাগীয় চেয়ারম্যান, হল প্রভোস্টসহ বিভিন্ন দায়িত্বে কর্মরত ছিলেন। এছাড়াও তিনি ঢাকাস্থ রংপুর সমিতির কার্যকরী কমিটির সম্পাদক ও সদস্য, রংপুর বিভাগ সমিতির (রেজিস্টার্ড) সাধারণ সম্পাদক ও সহ-সভাপতি ছিলেন। বর্তমানেও রংপুর জেলা সমিতির সহ-সভাপতি ও কারমাইকেল কলেজ প্রাক্তন ছাত্র সমিতির সহ-সভাপতি দায়িত্ব পালন করছেন। বংপুর বিভাগ বাস্তবায়ন কমিটির সাথে জড়িত ছিলেন। উচ্চ শিক্ষা বিস্তারে তিনি “নর্থবেঙ্গল পদক-২০১৭” লাভ করেন। বাংলাদেশ শিক্ষা পর্যবেক্ষক সোসাইটি কর্তৃক শিক্ষাবিদ হিসেবে বিশেষ অবদানের জন্য “স্যার সলিমুল্লাহ পদক-২০১৭”, কবি নজরুল স্মৃতি পদক-২০১৮ এবং এডুকেশন গ্র্যাওয়ার্ড-

২০১৮ লাভ করেন। বাংলাভিশন ফাউন্ডেশন কর্তৃক উচ্চতর কৃষি শিক্ষা বিস্তারে বিশেষ অবদানের জন্য “নবাব সিরাজ-উদ-দৌলা পদক অর্জন করেন। তিনি যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, ফ্রান্স, অস্ট্রেলিয়া, সৌদি আরব, নরওয়ে, ডেনমার্ক, ভারত, নেপাল, ভুটান, সুইডেন, ফ্রান্স, তুরস্ক, রাশিয়াসহ বিভিন্ন দেশে শিক্ষা, সামাজিক ও ধর্মীয় কারণে ভ্রমণ করেছেন। তিনি ২০০৫ সালে পবিত্র হজরত পালন করেন। তিনি ট্রেজারার হিসেবে নিয়োগপ্রাপ্ত হওয়ায় তাঁর অসংখ্য শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শুভানুধ্যায়ী **অভিনন্দন** জানিয়েছেন। সকলেই নব-নিয়োগপ্রাপ্ত ট্রেজারারে সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করেছেন।

মো. বশিরুল ইসলাম  
জনসংযোগ কর্মকর্তা  
০১৭১৬-৫৮১০৪৮৬